দামুড়হুদা হাউলী ইউনিয়নে সরকারি শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার দেওয়া ৮০ পিচ সরকারি শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে। আজ রবিবার সকাল ১১ টার সময় ইউনিয়ন পরিষদ চত্বরে এই শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী।

ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সচিব মনিরুজ্জামান, ইউপি সদস্য রিকাত আলী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, উপকারভুগী সদস্য সহ পরিষদের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে সরকারি শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিল হতে ১৭১ জন শীতার্তদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) সকাল সাড়ে ১০ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে বৃদ্ধ পুরুষ-মহিলা ও প্রতিবন্ধীদের মাঝে এসব শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, হাউলী ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ২নং ওয়ার্ড বিএনপির সভাপতি শফিউর রহমান, ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, ৫নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, ইউপি

সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, রিকাত আলী, সেলিম সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ইউপি সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

৭০ বছর বয়সী সাহাজান আলী গায়ে কম্বল জড়িয়ে তার অনুভূতি প্রকাশ করে বলেন, এই শীতে হাউলী ইউনিয়ন পরিষদ থেকে একটি কম্বল পেয়েছি, আমার খুবই উপকার হলো। শীতে নতুন কাপড় কেনার মতো সামর্থ্য আমার নেই। সরকারি এই কম্বল টা এবার শীতে আমার কাছে একমাত্র সম্বল।

কম্বল বিতরণ কালে হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী বলেন, গেলো এক সপ্তাহে চুয়াডাঙ্গা জেলায় সত্যপ্রবাহ চলছে, সর্বনিম্ন তাপমাত্রা হয়েছে বেশ কয়েকবার। এটা শীত প্রবন এলাকা, এই প্রথম শীতকালে সঠিক সময়ে শীতবস্ত্র বিতরণ হয়েছে। তবে ইউনিয়নে মানুষের তুলনায় কম্বল যা বরাদ্দ এসেছে তা প্রয়োজনের তুলনায় একেবারেই কম ও অপ্রতুল।

হাউলী ইউনিয়নে মোট ১৭১ জন গরীব অসহায় মানুষের মাঝে প্রধান উপদেষ্টার দেওয়া শীতবস্ত্র কম্বল সুন্দর ভাবে বিতরণ করা হয়েছে।